


গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
বাংলাদেশ আবহাওয়া অধিদপ্তর
ই-২৪, আগারগাঁও, ঢাকা-১২০৭
www.bmd.gov.bd

নম্বর: ২৩.০৯.২৬৮০.১৭২.৪৩.০০১.২৫. ২২৫২

তারিখ: ১৭ ভাদ্র ১৪৩৩
০১ সেপ্টেম্বর ২০২৬

**বিষয়: সেপ্টেম্বর ২০২৬ এর দীর্ঘমেয়াদি আবহাওয়ার পূর্বাভাস।**

দীর্ঘমেয়াদি আবহাওয়ার পূর্বাভাস প্রদানের নিমিত্ত বিশেষজ্ঞ কমিটির নিয়মিত সভা ০১ সেপ্টেম্বর ২০২৬ দুপুর ০২.০০ ঘটিকায় ঝড় সতর্কীকরণ কেন্দ্র, ঢাকায় অনুষ্ঠিত হয়। উক্ত সভায় আগস্ট ২০২৬ খ্রিঃ মাসের আবহাওয়ার বিভিন্ন তথ্য ও উপাত্ত পর্যালোচিত হয়। পর্যালোচনাকালে পরিলক্ষিত হয় যে, আগস্ট ২০২৬ মাসে বাংলাদেশে গড় বৃষ্টিপাতের পরিমাণ ও দিন সংখ্যা নিম্নরূপ ছিল:

| বিভাগ/দেশ | স্বাভাবিক বৃষ্টিপাত (মি:মি:) | রেকর্ডকৃত গড় বৃষ্টিপাত (মি:মি:) | বৃষ্টিপাতের পরিমাণের বিচ্যুতি (%) | স্বাভাবিক বৃষ্টিপাতের দিন সংখ্যা | রেকর্ডকৃত বৃষ্টিপাতের দিন সংখ্যা |
|---|---|---|---|---|---|
| ঢাকা | ৩০১ | ২৪৩ | -১৯.৪% | ১৮ | ২২ |
| ময়মনসিংহ | ৩৫৭ | ৪১৫ | +১৬.৪% | ১৮ | ২৪ |
| চট্টগ্রাম | ৫০৫ | ৫৭২ | +১৩.৩% | ২২ | ২৬ |
| সিলেট | ৪৭০ | ৪৯২ | +৪.৬% | ২৩ | ২৫ |
| রাজশাহী | ২৫১ | ১৯৭ | -২১.৩% | ১৮ | ২০ |
| রংপুর | ৩৫৫ | ১৯১ | -৪৬.১% | ২০ | ১৪ |
| খুলনা | ২৮৭ | ২২২ | -২২.৭% | ১৮ | ২৪ |
| বরিশাল | ৪০৭ | ৩৮৯ | -৪.৩% | ২২ | ২৬ |
| সারাদেশ | ৩৭৯ | ৩৫৮ | -৫.৭% | ২০ | ২৩ |

আগস্ট ২০২৬ মাসে সারাদেশে স্বাভাবিক (-৫.৭%) বৃষ্টিপাত রেকর্ড করা হয়। চট্টগাম ও ময়মনসিংহ বিভাগে স্বাভাবিক অপেক্ষা বেশি, সিলেট ও বরিশাল বিভাগে স্বাভাবিক এবং অন্যান্য বিভাগসমূহে স্বাভাবিক অপেক্ষা কম বৃষ্টিপাত রেকর্ড করা হয়। আগস্ট ২০২৬ মাসে বঙ্গোপসাগরে চারটি লঘুচাপ তৈরি হয়, যার মধ্যে দুটি মৌসুমী নিম্নচাপে পরিণত হয় । প্রথম লঘুচাপটি, ১২ আগস্ট ২০২৬ উত্তর বঙ্গোপসাগর এবং তৎসংলগ্ন বাংলাদেশ-পশ্চিমবঙ্গের উপকূলীয় এলাকায় তৈরি হয়। ১৩ আগস্ট ২০২৬ এটি ঘণীভূত হয়ে সুস্পষ্ট লঘুচাপ আকারে বাংলাদেশ-পশ্চিমবঙ্গ উপকূল এবং তৎসংলগ্ন বঙ্গোপসাগর এলাকায় অবস্থান করে এবং পরবর্তীতে আরও ঘণীভূত হয়ে একই এলাকায় নিম্নচাপে পরিণত হয়। ১৪ আগস্ট ২০২৬ বাংলাদেশ-পশ্চিমবঙ্গ উপকূল এবং তৎসংলগ্ন বঙ্গোপসাগর এলাকায় অবস্থারত নিম্নচাপটি পশ্চিম-উত্তরপশ্চিম দিকে অগ্রসর হয়ে স্থলনিম্নচাপ আকারে ঝাড়খন্ড এবং তৎসংলগ্ন গাঙ্গেয় পশ্চিমবঙ্গ এলাকায় অবস্থান করে এবং বৃষ্টি ঝরিয়ে ক্রমান্বয়ে দুর্বল হয়ে গুরুত্বহীন হয়ে পড়ে। দ্বিতীয় লঘুচাপটি, ১৭ আগস্ট ২০২৬ উত্তর বঙ্গোপসাগর এবং তৎসংলগ্ন বাংলাদেশ উপকূলীয় এলাকায় তৈরি হয় ও এটি ঘণীভূত হয়ে একই এলাকায় সুস্পষ্ট লঘুচাপে পরিণত হয় এবং পরবর্তীতে আরও ঘণীভূত হয়ে একই এলাকায় নিম্নচাপে পরিণত হয়। এটি পশ্চিম-উত্তরপশ্চিম দিকে অগ্রসর হয়ে গুরুত্বহীন হয়ে যায়। তৃতীয় লঘুচাপটি, ২৩ আগস্ট ২০২৬ উত্তরপশ্চিম বঙ্গোপসাগর এবং তৎসংলগ্ন উপকূলীয় এলাকায় তৈরি হয়। এটি উত্তরপশ্চিম দিকে অগ্রসর হয়ে সুস্পষ্ট লঘুচাপ আকারে ২৫ আগস্ট ২০২৬ গাঙ্গেয় পশ্চিমবঙ্গ ও তৎসংলগ্ন ঝাড়খন্ড এলাকায় অবস্থান করে। পরবর্তীতে এটি বৃষ্টি ঝরিয়ে ক্রমান্বয়ে দুর্বল হয়ে গুরুত্বহীন হয়ে পড়ে। সর্বশেষ লঘুচাপটি, ২৯ আগস্ট ২০২৬ উত্তর পশ্চিম বঙ্গোপসাগর এবং তৎসংলগ্ন পশ্চিমবঙ্গ-উত্তর উড়িষ্যা উপকূলীয় এলাকায় তৈরি হয়। ৩১ আগস্ট ২০২৬ এটি ঘণীভূত হয়ে একই এলাকায় সুস্পষ্ট লঘুচাপে পরিণত হয়। সক্রিয় মৌসুমী বায়ু প্রবাহ, সুস্পষ্ট লঘুচাপ ও নিম্নচাপের প্রভাবে বিক্ষিপ্তভাবে ভারী থেকে অতি ভারী বর্ষণসহ সারা দেশে মাসের অধিকাংশ সময় বৃষ্টিপাত রেকর্ড করা হয়। সেই সাথে বজ্রসহ দমকা ও ঝড়ো হাওয়া বয়ে যায়। এ সময় দৈনিক সর্বোচ্চ বৃষ্টিপাত ১৯৮ মি.মি. হাতিয়া রেকর্ড (৫ আগস্ট ২০২৬) করা হয়। দেশে বিক্ষিপ্তভাবে ১০-১২, ২২, ২৬-৩০ আগস্ট ২০২৬ পর্যন্ত মৃদু তাপপ্রবাহ বয়ে যায়। জুলাই মাসে দেশের সর্বোচ্চ তাপমাত্রা ৩৭.০°সে. রাজশাহী (২৭ আগস্ট ২০২৬) এবং সর্বনিম্ন তাপমাত্রা ২২.৬°সে. নারায়ণগঞ্জ (০৭ আগস্ট ২০২৬) রেকর্ড করা হয়। এ মাসে দেশের সর্বোচ্চ, সর্বনিম্ন ও গড় তাপমাত্রা স্বাভাবিক অপেক্ষা যথাক্রমে ০.৮°সে., ০.৫°সে. ও ০.৭°সে. বেশি ছিল। বৃষ্টিপাত, তাপমাত্রা, তাপপ্রবাহ, বজ্রঝড়, কৃষি আবহাওয়া এবং দেশের নদ-নদীর অবস্থা আগস্ট ২০২৬ মাসের পূর্বাভাসের সাথে সংগতিপূর্ণ ছিল।

বিশ্ব আবহাওয়া সংস্থা অনুমোদিত Global Producing Centre (GPCs), ECMWF, JMA, NOAA, IRI-Columbia University, APEC Climate Centre (APCC), RIMES এবং C3S থেকে প্রাপ্ত মডেল পূর্বাভাস, আবহাওয়া উপাত্ত, উর্ধ্বাকাশের আবহাওয়া বিন্যাস, বায়ুমন্ডলের বিভিন্ন স্তরের বিশ্লেষিত আবহাওয়া মানচিত্র, জলবায়ু মডেল, SOI (এল-নিনো/লা-নিনা'র অবস্থা) ইত্যাদির যথাযথ বিশ্লেষণ পূর্বক কমিটি কর্তৃক সেপ্টেম্বর ২০২৬ এর পূর্বাভাস নিম্নে প্রদত্ত হলো:

| বিভাগ | স্বাভাবিক বৃষ্টিপাত (মিঃমিঃ) | পূর্বাভাস বৃষ্টিপাতের পরিমাণ (মিঃমিঃ) | স্বাভাবিক বৃষ্টিপাতের দিন সংখ্যা | পূর্বাভাস বৃষ্টিপাতের দিন সংখ্যা | সেপ্টেম্বর ২০২৬ মাসে মাটির আর্দ্রতা (%) |
|---|---|---|---|---|---|
| ঢাকা | ২৬৩ | ২৬০-২৭০ | ১৮ | ১৬-২০ | ৩৫-৪৫ |
| ময়মনসিংহ | ৩২১ | ৩১০-৩৩০ | ১৮ | ১৬-২০ | ৪০-৫০ |
| চট্টগ্রাম | ৩৪৫ | ৩৩০-৩৬০ | ২২ | ২০-২৪ | ৪০-৫০ |
| সিলেট | ৩৭১ | ৩৬০-৩৯০ | ২৩ | ২১-২৫ | ৪০-৫০ |
| রাজশাহী | ২৬৭ | ২৪০-২৭০ | ১৮ | ১৬-২০ | ৩০-৪০ |
| রংপুর | ৩৮৩ | ৩৬০-৩৯০ | ২০ | ১৮-২২ | ৩৫-৪৫ |
| খুলনা | ২৭৭ | ২৭০-২৮০ | ১৮ | ১৬-২০ | ৩০-৪০ |
| বরিশাল | ৩২৮ | ৩০০-৩৪০ | ২২ | ২০-২৪ | ৪০-৫০ |

১. **বৃষ্টিপাত:** এ মাসে দেশে স্বাভাবিক অপেক্ষা কম বৃষ্টিপাতের সম্ভাবনা আছে।

২. **নিম্নচাপ:** বঙ্গোপসাগরে ১-৩ টি মৌসুমী লঘুচাপ সৃষ্টি হতে পারে, যার মধ্যে ০১(এক) টি মৌসুমী নিম্নচাপে পরিণত হতে পারে।

৩. **বজ্রঝড়:** এ মাসে দেশে ৩-৫ দিন বজ্রঝড় হতে পারে।

৪. **তাপমাত্রা:** এ মাসে দিন এবং রাতের তাপমাত্রা স্বাভাবিক অপেক্ষা বেশি থাকতে পারে।

৫. **তাপপ্রবাহ:** এ মাসে দেশে ২-৩ টি মৃদু (৩৬-৩৭.৯°সে.) থেকে মাঝারী (৩৮-৩৯.৯°সে.) ধরণের তাপ প্রবাহ বয়ে যেতে পারে।

৬. **নদ-নদীর অবস্থা:** সেপ্টেম্বর মাসে দেশের প্রধান নদ-নদীসমূহের স্বাভাবিক প্রবাহ বিরাজমান থাকতে পারে। তবে ভারি বৃষ্টিপাত জনিত কারণে দেশের উত্তরাঞ্চল, উত্তর-পূর্বাঞ্চল ও দক্ষিণ-পূর্বাঞ্চলীয় অঞ্চলের কিছু কিছু স্থানে স্বল্পমেয়াদী বন্যা পরিস্থিতির সৃষ্টি হতে পারে।

৭. **কৃষি আবহাওয়া:** এ মাসে দেশে দৈনিক গড় বাষ্পীভবন ২.৫-৪.৫ মি.মি. এবং গড় উজ্জ্বল সূর্যকিরণকাল ৪.৫-৬.৫ ঘন্টা থাকতে পারে।

০১/০৯/২৬

(মোঃ মমিনুল ইসলাম)
পরিচালক (চলতি দায়িত্ব)
ও
চেয়ারম্যান, বিশেষজ্ঞ কমিটি

মাননীয় মন্ত্রী
কৃষি মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
ইমেইল: minister@moa.gov.bd

অনুলিপি (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়):

১. মাননীয় মন্ত্রী, দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়, info@modmr.gov.bd
২. মন্ত্রী পরিষদ সচিব, মন্ত্রী পরিষদ বিভাগ, cab_secy@cabinet.gov.bd
৩. মূখ্য সচিব, প্রধান মন্ত্রীর কার্যালয়, psecy@pmo.gov.bd
৪. সিনিয়র সচিব, জনপ্রাশসন মন্ত্রণালয়, secretary@mopa.gov.bd
৫. সচিব, পানি সম্পদ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, secretary@mowr.gov.bd
৬. সচিব, বাণিজ্য মন্ত্রণালয়, secy@mincom.gov.bd
৭. সচিব, প্রতিরক্ষা মন্ত্রণালয়, secretary@mod.gov.bd
৮. সচিব, দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়, secretary@modmr.gov.bd
৯. সচিব, কৃষি মন্ত্রণালয়, secretary@moa.gov.bd
১০. সচিব, খাদ্য মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, secretary@mofood.gov.bd